পটাশপুরে পঞ্চায়েত কার্যালয়ের প্রশাসনিক ভবনের দ্বারোদঘাটনে মন্ত্রী শুভেন্দু অধিকারী



প্রদীপকুমার মাইতি, পূর্ব মেদিনীপুর ঃ মঙ্গলবার পূর্ব মেদিনীপুর জেলার পটাশপুর-২ ব্লকের আড়গোয়াল গ্রাম পঞ্চায়েত কার্যালয়ের প্রশাসনিক ভবন ও প্রবেশদ্বারের দ্বারোদঘাটন করলেন রাজ্যের মন্ত্রী শুভেন্দু অধিকারী। আড়গোয়াল গ্রাম পঞ্চায়েতের ভারপ্রাপ্ত প্রধান অপরেশ সাঁতরা জানিয়েছেন, ২৬ লক্ষ টাকা ব্যয়ে প্রশাসনিক ভবন ও ৫ লক্ষ টাকা ব্যয়ে প্রবেশদ্বার চতুর্দশ অর্থ কমিশনে নির্মাণ করা হয়েছে। আমরা সর্বদাই শুভেন্দুবাবুর পাশে থাকবো বলে অঙ্গীকার করছি। এদিন মোট ৫৪ লক্ষ টাকা ব্যয়ে নবনির্মিত ভবনের দ্বারোদঘাটন করেন রাজ্যের মন্ত্রী শুভেন্দু অধিকারী। তিনি দীপাবলীর আগাম শুভেচ্ছা বার্তা দিয়ে বলেন, নানান উন্নয়ন মূলক কাজ ও রাজনৈতিক কর্মসূচীতে যোগদানের জন্য বহুবার পটাশপুরে এসেছি। ২০০১ সালে বামফ্রন্টের কিরণময় নন্দের ভাই চৈতন্যময় নন্দ তৃণমূলের প্রার্থী হয়ে নিজের দাদার বিরুদ্ধে লড়াই না করার কথা ঘোষণা করেন। সেই সময় ওই কেন্দ্রে তৃণমূল কংগ্রেসের আসনে লড়াই করেছিলেন শুভেন্দু অধিকারী। পটাশপুরের নন্দ পরিবারের মন্ত্রী কিরণময় নন্দের বিরুদ্ধে দাঁড়িয়ে ছিলাম। তবে আমি সেই সময় ছিলাম এক অচেনা যুবক। আমার পরিচিতি ঠিক মতো ঘটেনি মানুষের সাথে। তবু পটাশপুরের ১৮টা বুথে ভোট লুঠ না হলে আমি প্রায় জিতে গিয়েছিলাম। মাত্র দুহাজার ভোটে পরাজিত হয়েছিলাম আমি। পটাশপুর ব্লকের ত্রিস্তর পঞ্চায়েত উন্নয়ন সহ, রাজ্য সরকারের জনমুখী কাজ, কেন্দ্র রাজ্য গ্রামোন্নয়নের নানান কর্মসূচী, মহাত্মাগান্ধী প্রকল্পে একশোদিনের কাজ থেকে শুরু করে সমস্ত প্রকার কাজ আপনারা যত্ন সহকারে করেছেন। ২২ মার্চ থেকে জনতা কার্ফু, লকডাউন, কোভিড এমন নানান অস্বস্তিকর সমস্যার মধ্য দিয়ে আমরা এগিয়ে চলেছি। যারফলে আমাদের অর্থনৈতিক বিপর্যয় মারাত্মক আকার নিয়েছে।

আড়গোয়ালের বহু পরিযায়ী শ্রমিক বাইরে কাজে গিয়ে আটকে পড়েছিলেন। তাঁরাও ট্রেন চলতে বাড়ি ফিরে এসেছিলেন। বর্তমানে আবার কাজের টানে অনেকে বাইরে চলে গিয়েছেন। লকডাউনের ৫০ দিনের মাথায় বা পরবর্তী সময় মানুষ যাতে খেতে পরতে পারে সে কারণে সমস্ত রাজনৈতিক দল, ক্লাব, সংস্থা, প্রভাবশালী ব্যক্তি প্রত্যেকেই মানুষের পাশে দাঁড়িয়েছিল। একশো বছর অন্তর এমন মারণ ভাইরাস আসে। যে কারনে এই সময় করোনায় আমাদের সারা দেশ, আমাদের রাজ্যসহ গোটা পৃথিবী আক্রান্ত। তাই প্রত্যেকেই নিরাপদে থাকুন, আমাদের আশাকর্মীরা কাজ করে চলেছেন। তবু সকলকে স্বাস্থ্য বিধি মেনে চলার পরামর্শ দেন মন্ত্রী শুভেন্দু অধিকারী। পাশাপাশি পটাশপুর ২ নং ব্লক তৃণমূল কংগ্রেসের সভাপতি অপরেশ সাঁতরা বলেন, শুভেন্দুবাবু আমাদের দলের মন্ত্রী, রাজনৈতিক জীবন শুরু থেকে তাঁর সাথে নিবিড় যোগ। সে কারণে দাদার পাশে আছি, থাকব এবং ২০২১ শের বিধানসভায় পূর্ব মেদিনীপুরে ১৬টি বিধানসভা কেন্দ্র তৃণমূল দখল করবে।

কী করেছিল আমার ভাই ও আমার ভাইকে কেন ওইভাবে মারল, প্রশ্ন খুন হওয়া তরুণের দিদির

প্রদীপ দাস, চুঁচুড়া ঃ আমি চাই আমার সামনে একবার নিয়ে আসা হোক বিশালকে। আমি শুধু ওকে জিজ্ঞাসা করবো, ও আমার ভাইকে কেন ঐভাবে মারলো? একরাশ ক্ষোভ নিয়ে কথাগুলো বলছিলেন হুগলির চুঁচুড়া কামারপাড়া রায়েরবেড়ের খুন হওয়া তরুণ বিষ্ণু মালের দিদি কাজল মাল। টানা প্রায় ৩ সপ্তাহের বেশী অধরা থাকার পর সোমবার রাতে দঃ ২৪ পরগনার জীবনতলা থানা এলাকায় স্থানীয় বাসিন্দাদের হাতে ধরা পরে বিশাল দাস। চুঁচুড়ার কুখ্যাত দুষ্কৃতী বিশাল দাস গত মাসের ১০ তারিখ চুঁচুড়া রায়েরবেড়ে বাড়ির কাছ থেকে অপহরন করে নিয়ে যায় বিষ্ণু মালকে (২৩)। তারপর থেকে আর খোঁজ মেলেনি বিশালের। তদন্তে নেমে পুলিশ জানতে পারে বিষ্ণুকে নৃশংসভাবে খুন করেছে বিশাল সহ তার দলবল। ঘটনায় ইতিমধ্যে ৫ জনকে গ্রেপ্তার করেছে পুলিশ। ধৃতদের জিজ্ঞাসাবাদ করে দুটি জায়গা থেকে বিষ্ণুর দেহের একাধিক অংশ মিললেও মেলেনি তাঁর মাথা। পাশাপাশি অধরা ছিলো বিশালও।

বিশালকে ধরার জন্য গোটা চন্দননগর কমিশনারেটের পুলিশের যখন কালঘাম ছুটেছে তখন বিশাল ছিলো বিশালেই। পুলিশের চিন্তা মাথায় না নিয়ে সে দঃ ২৪ পরগনা জেলার জীবনতলা থানা এলাকায় অসামাজিক কার্যকলাপ করতে ঘাঁটি গেড়েছিলো। ওই এলাকা বাসিন্দাদের কাছে খবর যায় স্থানীয় ধান জমির মাঝে মাছের ভেড়ি পাহারা দেওয়ার একটি ঘরে দুষ্কৃতীরা জমায়েত হয়েছে। জীবনতলার তিন তৃণমূল কর্মী কুতুবুদ্দিন সেখ, মোসলেম আলি মোল্লা ও আলমগীর গাজি স্থানীয়দের সঙ্গে নিয়ে ঘটনাস্থলে যেতেই বিশাল এন্ড কোং এলোপাথারি গুলি চালাতে থাকে। ঘটনায় তিন তৃণমূল কর্মীই গুরুতর জখম হয়। তাঁদের প্রথমে ক্যানিং মহকুমা হাসপাতাল ও পরে কোলকাতার এসএসকেএমে স্থানান্তরিত করা হয়। যদিও তিনজন গুলিবিদ্ধ হওয়ার পরই উত্তেজিত জনতাদের হাতে ধরা পরে যায় বিশাল ও তার দুই শাগরেদ। তিনজনের উপরেই চলে উত্তম-মধ্যম। পরে পুলিশ গিয়ে বিশাল সহ তার দুই শাগরেদকে গ্রেপ্তার করে। আপাতত জীবনতলা থানার হাতেই রয়েছে বিশাল। ক্যানিং মহকুমা আদালতের অনুমতি নিয়ে চুঁচুড়ায় নিয়ে আসা হতে পারে বিশালকে। বিশাল ধরা পড়ার খবরে খুশি বিষ্ণুর পরিবার সহ চুঁচুড়াবাসী। মঙ্গলবার বিষ্ণুর দিদি কাজল মাল বলেন, আমি চাই বিশালকে সরাসরি মেরে দেওয়া হোক! তবে তার আগে আমি বিশালকে একবার সামনে থেকে প্রশ্ন করতে চাই, কী করেছিলো আমার ভাই ও আমার ভাইকে কেন ঐভাবে মারলো? বিষ্ণু নিখোঁজের পর থেকেই এই পরিবারের সাথে থাকা চুঁচুড়ার যুবক সপ্তরথী ব্যানার্জী বলেন, বিচার ব্যবস্থার প্রতি আমার আস্থা আছে, তবে আমি চাই এই ঘটনার বিচার প্রক্রিয়া দ্রুত সমাপ্ত করে দোষীদের ফাঁসী কাঠে ঝোলানো হোক।

তমলুক বড়বাজারে অভিযান চালিয়ে কচ্ছপ সহ ১ জনকে গ্রেফতার করল পুলিশ

নিজস্ব সংবাদদাতা, তমলুক ঃ বেশ কিছুদিন যাবৎ লুকিয়ে কচ্ছপ বিক্রি করছিল তমলুকের বড় বাজারের কিছু মাছ ব্যবসায়ী।

মঙ্গলবার সকালে তমলুক থানার পুলিশ এই খবর পেয়ে লুকিয়ে রাখা কচ্ছপগুলিকে উদ্ধার করে। যদিও তমলুক থানার পুলিশ যাওয়ার আগেই বেশকিছু কচ্ছপ বিক্রি করে দেওয়া হয়েছে বলে জানা গিয়েছে। তমলুক থানার পুলিশ ঘটনাস্থলে গেলে কচ্ছপ বিক্রেতা পালিয়ে যায়। উদ্ধার হওয়া কচ্ছপগুলিকে তমলুক থানায় নিয়ে যাওয়া হয়েছে। জিজ্ঞাসাবাদের জন্য তমলুক থানার পুলিশ একজনকে আটক করেছে।

জানা গেছে, কচ্ছপগুলির ওজন প্রায় তিন থেকে চার কিলো। পুলিশ অভিযান চালালে কচ্ছপ বিক্রি করা বন্ধ থাকে। বেশ কিছু দিন পর থেকে তমলুক শহরে আবার শুরু হয়ে যায় কচ্ছপ বিক্রির ঘটনা।

গোপন সূত্রে খবর পেয়ে অভিযান চালিয়ে মৎস্য ব্যবসায়ীর কাছ থেকে উদ্ধার হল প্রায় ১০টি কচ্ছপ। মঙ্গলবার ঘটনাটি ঘটেছে পূর্ব মেদিনীপুরের তমলুক ব্লকের তমলুক বড়বাজার এলাকায়। জানা গিয়েছে, এদিন সকালে তমলুকের বড়বাজারের এক মৎস্য ব্যবসায়ীর মাছের হাঁড়িতে কচ্ছপ রেখে তা ক্রেতাদের বিক্রি করছিলেন। ঠিক সেই সময় তমলুক থানার পুলিশ ঘটনাস্থলে এসে কচ্ছপ সহ ওই ব্যবসায়ীকে আটক করে থানায় নিয়ে যায়।

চূড়ান্ত হল সোল বীটস্ ডান্স একাডেমির পুজো পরিক্রমার ফলাফল

নিজস্ব সংবাদদাতা, মেদিনীপুর ঃ সোমবার সন্ধ্যায় মেদিনীপুর শহরে একটি সভাকক্ষে এক অনাড়ম্বর অনুষ্ঠানের মধ্যে দিয়ে চূড়ান্ত হলো সোল বিটস ড্যান্স একাডেমির পুজো পরিক্রমা-২০২০ এর ফলাফল। নির্বাচিত করা হলো সেরার সেরা পুজোগুলিকে। এই পর্বে প্রায় শতাধিক পুজো পরিক্রমা করা হয়েছে এবং সেরার সেরা পুজোগুলিকে নির্বাচিত করেছেন বিচারকরা এবং বিচারকদের রায়ই এক্ষেত্রে চূড়ান্ত বলে গৃহীত হয়েছে বলে জানান সোল বীটস ডান্স একাডেমির কর্ণধার নৃত্যশিল্পী বিউটি দাশ। এবারের পূজা পরিক্রমায় বিচারক হিসাবে ছিলেন সঙ্গীতশিল্পী হায়দার আলি, চিত্রশিল্পী অচিন্ত্য মারিক, রাষ্ট্রপতি পুরস্কারে ভূষিত প্রধান শিক্ষক ড.বিবেকান্দ চক্রবর্তী,সময় বাংলার কর্ণাধার জয়ন্ত মণ্ডল,পর ইউ-এর কর্ণাধার গোপাল দাস, রোহিত মাজী, অভিনব বোস প্রমুখ। সোল বিটস এর পক্ষে উপস্থিত ছিলেন রাহুল চন্দ্র,অভিষেক বোস, সুমন পাত্র,সৌভিক গুড়িয়া প্রমুখ। সংস্থার পক্ষ থেকে জানানো হয়েছে আগামী শনিবার বিদ্যাসাগর হল প্রাঙ্গণে একটি অনুষ্ঠানের মাধ্যমে পুজো কমিটিগুলিকে পুরস্কৃত করা হবে।

কেন্দ্রীয় সরকারের নীতির বিরুদ্ধে প্রতিবাদ সভা

নিজস্ব সংবাদদাতা, ইন্দাস ঃ বাঁকুড়া জেলার ইন্দাস ব্লকের মহেশপুরতে কেন্দ্রীয় সরকারের কৃষি বিল, দলিত মহিলাদের উপর হামলা ও অত্যাচার এবং জিনিসপত্রগুলো দাম বৃদ্ধিসহ বাংলার বঞ্চনার বিরুদ্ধে ইন্দাস ২নং অঞ্চল তৃণমূল কংগ্রেস এক সভার আয়োজন করে।ইন্দাস ২নং অঞ্চল কমিটির নেতৃত্বে এই সভার আয়োজন করা হয়। কেন্দ্রীয় কৃষি বিল পাশের বিরুদ্ধে কৃষক পরিবারের পাশে থাকার জন্য তৃণমূলের এই কমসূচী।বিজেপির তুঘলকি নীতির বিরুদ্ধে তৃণমূলের এই বিক্ষোভ সভায় উপস্থিতি ছিল চোখে পড়ার মতো। তৃণমূলের এই সভায় ১০০০জন কর্মী-সমর্থক হাজির ছিলেন।উক্ত সভায় উপস্থিত ছিলেন ইন্দাস ব্লক তৃণমূল কংগ্রেস সভাপতি সেখ হামিদ, আতাউল হক,নাসের আলি মোল্লা,চন্দন রক্ষিত, শিশির কোনার প্রমুখ।

বিদ্যুৎস্পৃষ্ট হয়ে মৃত তিন শিশুর পাশে সভাধিপতি

তুষার বিশ্বাস, ইসলামপুর ঃ বিদ্যুৎস্পৃষ্ট হয়ে মৃত তিন শিশু সহ মোট চারজনের পরিবারের সদস্যদের পাশে দাঁড়াতে উদ্যোগী হয়েছেন উত্তর দিনাজপুর জেলা পরিষদের সহ সভাধিপতি ফারহাত বানুর প্রতিনিধি জাভেদ আখতার। মঙ্গলবার ইসলামপুরের শিয়ালতোরে মৃতদের বাড়িতে পৌঁছে তিনি সমবেদনা জানাবার পাশাপাশি তাদের পরিবারের সদস্যদের বলেন, এখানকার বিধায়কের উপর আপনারা সব সময় আস্থা রাখবেন। কারণ বিধায়ক আব্দুল করিম চৌধুরী সমস্ত সরকারি পরিষেবা পৌঁছে দেওয়ার জন্য প্রস্তুত। ইতিমধ্যে তিনি জেলাশাসকের সঙ্গে মৃত ব্যক্তির বকেয়া পুরণের জন্য জেলা শাসকের কাছে আবেদন জানিয়েছেন। তা নিয়ে আলোচনাও করেছেন এবং দুই-একদিনের মধ্যে সেই চেক চলে আসবে বলেও তিনি জানান। পাশাপাশি আগামী দিনে মৃতদের পরিবারের সদস্যদের কোন সমস্যা হলেও তাদের পাশে থেকে সহায়তার আশ্বাস দেন তিনি।

টুঙ্কাই ইন্ডিয়া লিমিটেড

CIN:L45203WB1984PLC038013
২৩, ব্রাবোর্ন রোড, সপ্তম তল, কলকাতা-৭০০০০১
Telephone:91-33-2242 6885
Tele fax: 91-33-2407 1739
Email:tunkai@dhanshreegroup.com,
Website:-www.tunkaiindia.com

বিজ্ঞপ্তি

এতদ্বারা বিজ্ঞাপিত করা হচ্ছে যে, ক্ষেত্রীয় রেগুলেশন ২৯ (১) (ক) এবং ৪৭(১)(ক) অফ সেবি (ক্ষেত্রীয় দায় ও ব্যাখ্যামূলক বিবরণী) রেগুলেশন ২০১৫ অনুসারে ৩০ সেপ্টেম্বর, ২০২০ তারিখে সমাপ্ত ত্রৈমাসিকের ও অর্ধবর্ষের অনিরীক্ষিত আর্থিক ফলাফলের বিবরণী কোম্পানির বাণিজ্যিক অফিসে বুধবার ১১ নভেম্বর, ২০২০ তারিখে সকাল ১১টায় অনুষ্ঠিত হবে সেবির (ক্ষেত্রীয় দায় ও ব্যাখ্যামূলক বিবরণী) রেগুলেশন ২০১৫ অনুসারে।

উক্ত তথ্য পাওয়া যাবে কোম্পানির ওয়েবসাইট:www.tunkaiindia.com এবং স্টক এক্সচেঞ্জের ওয়েবসাইট: www.cse-india.com-এ।

বোর্ডের আদেশানুসারে
টুঙ্কাই ইন্ডিয়া লিমিটেড-এর পক্ষে
স্বাঃ/-
তারিখ : ০২.১১.২০২০ নেহা যাদব
স্থান : কলকাতা কোম্পানি সেক্রেটারি

নাগা ধুনসেরি গ্রুপ লিমিটেড

রেজি অফিস : "ধুনসেরি হাউস",
৪এ, উডবার্ন পার্ক
কলকাতা-৭০০০২০
CIN:L01132WB1918PLC003029,
Ph.No.+91 33 2280 1950 (5 Lines),
E-mail:mail@nagadhunserigroup.com.
Website:www.nagadhunserigroup.com

বিজ্ঞপ্তি

এতদ্বারা বিজ্ঞাপিত করা হচ্ছে যে, ক্ষেত্রীয় রেগুলেশন ২৯ (২) অফ সেবি (ক্ষেত্রীয় দায় ও ব্যাখ্যামূলক বিবরণী) রেগুলেশন ২০১৫ অনুসারে ২০২০-২১ অর্থবর্ষের অনিরীক্ষিত আর্থিক বিবরণী ও ৩০ সেপ্টেম্বর, ২০২০ তারিখে সমাপ্ত ত্রৈমাসিকের ও অর্ধবর্ষের অনিরীক্ষিত আর্থিক ফলাফলের বিবরণী আলোচনা ও অনুমোদনের জন্য শুক্রবার ১৩ নভেম্বর, ২০২০ তারিখে পরিচালকবর্গের একটি সভা অনুষ্ঠিত হবে।

আরও বিজ্ঞাপিত করা হচ্ছে যে, কোম্পানির কোড অফ কনডাক্ট অনুসারে সেবির (অভ্যন্তরীণ ক্ষেত্রীয় ব্যবসা) রেগুলেশন ২০১৫ অনুসারে ব্যবসায়িক লেনদেনের জানালা কোম্পানির সিকিউরিটিজের ক্ষেত্রে অনুমোদিত ব্যক্তিদের জন্য ১ অক্টোবর, ২০২০ তারিখ থেকে পরবর্তী ৪৮ ঘণ্টা বন্ধ থাকবে ৩০ সেপ্টেম্বর, ২০২০ তারিখে সমাপ্ত ত্রৈমাসিকের ও অর্ধবর্ষের অনিরীক্ষিত ফলাফল প্রকাশের জন্য।

উক্ত বিজ্ঞপ্তি পাওয়া যাবে কোম্পানির ওয়েবসাইট www.nagadhunserigroup.com এ।

বোর্ডের আদেশানুসারে
নাগা ধুনসেরি গ্রুপ লিমিটেড-এর পক্ষে
স্বাঃ/-
চিত্রা থাকওয়ানি
কোম্পানি সেক্রেটারি
স্থান : কলকাতা ও কমপ্লায়েন্স অফিসার
তারিখ : ৪ নভেম্বর, ২০২০ ACS 54009

নাগরিকা ক্যাপিটাল অ্যান্ড ইনফ্রাস্ট্রাকচার লিমিটেড

রেজি অফিস: ১৮, আর এন মুখার্জি রোড,
চতুর্থ তল, কলকাতা-৭০০০০১
Phone:91-33-22108828, 22484922/4943
Fax:91-33-22481693
E-mail:compsect.ncil@nagreeka.com
Website:www.nagreeka.com
CIN:L65999WB1994PLC065725

বিজ্ঞপ্তি

এতদ্বারা বিজ্ঞাপিত করা হচ্ছে যে, ক্ষেত্রীয় রেগুলেশন ২৯ (২) অফ সেবি (ক্ষেত্রীয় দায় ও ব্যাখ্যামূলক বিবরণী) রেগুলেশন ২০১৫ অনুসারে ৩০ সেপ্টেম্বর, ২০২০ তারিখে সমাপ্ত ত্রৈমাসিকের ও অর্ধবর্ষের অনিরীক্ষিত আর্থিক ফলাফলের বিবরণী আলোচনা ও অনুমোদনের জন্য কোম্পানির রেজিস্টার্ড অফিসে মঙ্গলবার, ১০ নভেম্বর, ২০২০ তারিখে বিকেল ৪.০০ টেয় পরিচালকবর্গের একটি সভা অনুষ্ঠিত হবে।

উক্ত তথ্য পাওয়া যাবে কোম্পানির ওয়েবসাইট www.nagreeka.com এবং বিএসই'র ওয়েবসাইট www.bseindia.com ও ন্যাশনাল স্টক এক্সচেঞ্জ অফ ইন্ডিয়া লিমিটেডের ওয়েবসাইট www.nseindia.com এ।

বোর্ডের আদেশানুসারে
নাগরিকা ক্যাপিটাল অ্যান্ড ইনফ্রাস্ট্রাকচার লিমিটেডের পক্ষে
স্বা/-
স্থান: কলকাতা শ্রুতি মুরারকা
তারিখ: ০৩/১১/২০২০ কোম্পানি সেক্রেটারি

ইউনিরামা ইন্ডাস্ট্রিজ লিমিটেড

CIN:L67120WB1980PLC033125
রেজি অফিস: রওডন চেম্বার্স ১১এ, সরোজিনী নাইডু সরণী, পঞ্চম তল ইউনিট ৪বি, কলকাতা-৭০০০১৭
Tel:(033) 4006 1301
Email:uniramaindustrieslimited@gmail.com

বিজ্ঞপ্তি

এতদ্বারা বিজ্ঞাপিত করা হচ্ছে যে, ক্ষেত্রীয় রেগুলেশন ২৯ এর সঙ্গে পঠনীয় রেগুলেশন ৪৭ (১) অফ দি সেবি (ক্ষেত্রীয় দায় ও ব্যাখ্যামূলক বিবরণী) রেগুলেশন ২০১৫, অনুসারে ৩০ সেপ্টেম্বর, ২০২০ তারিখে সমাপ্ত ত্রৈমাসিকের অনিরীক্ষিত আর্থিক ফলাফলের বিবরণী আলোচনা ও অনুমোদনের জন্য মঙ্গলবার, ১০ নভেম্বর, ২০২০ তারিখে কোম্পানির রেজিস্টার্ড অফিস রওডন চেম্বার, ১১এ, সরোজিনী নাইডু সরণী, পঞ্চম তল, ইউনিট নং ৪বি, কলকাতা-৭০০০১৭ ঠিকানায় অনুষ্ঠিত হবে। উক্ত বিজ্ঞপ্তি পাওয়া যাবে কোম্পানির ওয়েবসাইট www.uniramaindustries.com এ।

বোর্ডের আদেশানুসারে
ইউনিরামা ইন্ডাস্ট্রিজ লিমিটেডের পক্ষে
কমল শর্মা
স্থান: কলকাতা ডিরেক্টর
তারিখ: ০৩.১১.২০২০ ডিআইএন:০২৯৪৬৫১৩

ইউনিওর্থ ইন্টারন্যাশনাল লিমিটেড

CIN:L51226WB1992PLC055739
রেজি অফিস: রওডন চেম্বার্স ১১এ, সরোজিনী নাইডু সরণী, পঞ্চম তল ইউনিট ৪বি, কলকাতা-৭০০০১৭
Tel:(033) 4006 1301
Email:uniworthinternationallimited@gmail.com

বিজ্ঞপ্তি

এতদ্বারা বিজ্ঞাপিত করা হচ্ছে যে, ক্ষেত্রীয় রেগুলেশন ২৯ এর সঙ্গে পঠনীয় রেগুলেশন ৪৭ (১) অফ দি সেবি (ক্ষেত্রীয় দায় ও ব্যাখ্যামূলক বিবরণী) রেগুলেশন ২০১৫, অনুসারে ৩০ সেপ্টেম্বর, ২০২০ তারিখে সমাপ্ত ত্রৈমাসিকের অনিরীক্ষিত আর্থিক ফলাফলের (একক ও একত্রিত) বিবরণী আলোচনা ও অনুমোদনের জন্য মঙ্গলবার, ১০ নভেম্বর, ২০২০ তারিখে কোম্পানির রেজিস্টার্ড অফিস রওডন চেম্বার, ১১এ, সরোজিনী নাইডু সরণী, পঞ্চম তল, ইউনিট নং ৪বি, কলকাতা-৭০০০১৭ ঠিকানায় অনুষ্ঠিত হবে। উক্ত বিজ্ঞপ্তি পাওয়া যাবে কোম্পানির ওয়েবসাইট www.uniworthinternational.com এবং বিএসই'র ওয়েবসাইট www.bseindia.com এ।

বোর্ডের আদেশানুসারে
ইউনিওর্থ ইন্টারন্যাশনাল লিমিটেডের পক্ষে
কমল শর্মা
স্থান: কলকাতা এক্সিকিউটিভ ডিরেক্টর
তারিখ: ০৩.১১.২০২০ ডিআইএন:০২৯৪৬৫১৩

ইন্টার গ্লোব ফিনান্স লিমিটেড

CIN:L65999WB1992PLC055265
রেজি অফিস :অলকা হাউস, দ্বিতীয় তল,
৬বি, বেন্টিঙ্ক স্ট্রিট, কলকাতা-৭০০০০১
Ph:033-2262-1971
E-mail:interglobefinance@gmail.com
Website:www.igfl.co.in

বিজ্ঞপ্তি

ক্ষেত্রীয় তালিকাভুক্ত চুক্তির রেগুলেশন ২৯ এর সঙ্গে পঠনীয় রেগুলেশন ৪৭ অফ দি সেবি (ক্ষেত্রীয় দায় ও ব্যাখ্যামূলক বিবরণী) রেগুলেশন ২০১৫ অনুসারে ৩০ সেপ্টেম্বর, ২০২০ তারিখে সমাপ্ত ত্রৈমাসিকের ও অর্ধবর্ষের ইন্টারগ্লোব ফিনান্স লিমিটেড-এর পরিচালকমণ্ডলীর সভা বুধবার, ১১ নভেম্বর, ২০২০ তারিখে দুপুর ২.০০টোয় কোম্পানির রেজিস্টার্ড অফিস : অলকা হাউস, দ্বিতীয় তল, ৬বি, বেন্টিঙ্ক স্ট্রিট, কলকাতা-৭০০০০১ ঠিকানায় অনুষ্ঠিত হবে। উক্ত সভায় অন্যান্য ব্যবসায়িক বিষয়েও আলোচনা হতে পারে।

এই তথ্য পাওয়া যাবে কোম্পানির ওয়েবসাইট: www.igfl.co.in ও স্টক এক্সচেঞ্জের ওয়েবসাইট : www.bseindia.com-এ।

স্বাঃ/-
স্থান : কলকাতা পৃথা বেরিওয়াল
তারিখ : ০৩.১১.২০২০ কোম্পানি সেক্রেটারি

ডিভি কমার্শিয়ালস লিমিটেড

CIN:L51109WB1983PLC035918
রেজি. অফিস: ডিলাক্স সেন্টার,১৫৭সি লেনিন সরণী চতুর্থ তল, রুম নং.৩০৮, কলকাতা-৭০০০১৩
Email:deeveecommercial@gmail.com

বিজ্ঞপ্তি

ক্ষেত্রীয় চুক্তির রেগুলেশন ২৯ অফ সেবি (ক্ষেত্রীয় দায় ও ব্যাখ্যামূলক বিবরণী) রেগুলেশন ২০১৫ অনুসারে আমরা আপনাদের জ্ঞাতার্থে জানাচ্ছি যে, পরিচালকমণ্ডলীর সভা মঙ্গলবার, ১০ নভেম্বর, ২০২০ তারিখে কোম্পানির রেজিস্টার্ড অফিসে অনুষ্ঠিত হবে ৩০ সেপ্টেম্বর, ২০২০ তারিখে সমাপ্ত ত্রৈমাসিকের অনিরীক্ষিত আর্থিক ফলাফলের বিবরণী অনুমোদনের জন্য।

আরও বিজ্ঞাপিত করা হয়েছে যে, সেবি (ক্ষেত্রীয় অভ্যন্তরীণ ব্যবসা) রেগুলেশন ২০১৫ অনুসারে ব্যবসায়িক লেনদেনের জানালা কলকাতা স্টক এক্সচেঞ্জ লিমিটেডের ১২ নভেম্বর, ২০২০ তারিখ থেকে (পরিচালকমণ্ডলীর সভা সমাপ্ত হওয়ার পর থেকে পরবর্তী ৪৮ ঘণ্টা) বন্ধ থাকবে। এই সময়কালে ডিরেক্টর, অনুমোদিত কর্মী, কেএমপিএস এবং অন্যান্য সংযুক্ত ব্যক্তিরা লেনদেন (ক্রয় অথবা বিক্রয়) কোম্পানির শেয়ার লেনদেন করতে পারবেন না।

বোর্ডের আদেশানুসারে
ডিভি কমার্শিয়াল লিমিটেড-এর পক্ষে
স্বাঃ/-
তারিখ : ৩১.১০.২০২০ প্রীতি ঝা তিওয়ারি
স্থান : কলকাতা কোম্পানি সেক্রেটারি অ্যান্ড কমপ্লায়েন্স অফিসার

স্টেপ টু কর্পোরেশন লিমিটেড

২১, হেমন্ত বসু সরণী, ষষ্ঠ তল, রুম নং.৫০৭,
কলকাতা-৭০০০০১
Tele fax: 2231-8207/08
E-mail:admin@steptwo.in
CIN:L65991WB1994PLC066080

বিজ্ঞপ্তি

ক্ষেত্রীয় রেগুলেশন ৪৭ এর সঙ্গে পঠনীয় রেগুলেশন ৩৩ অফ সেবি (ক্ষেত্রীয় দায় ও ব্যাখ্যামূলক বিবরণী) রেগুলেশন ২০১৫ অনুসারে ৩০ সেপ্টেম্বর সমাপ্ত ত্রৈমাসিকের ও অর্ধবর্ষের অনিরীক্ষিত আর্থিক ফলাফলের বিবরণী আলোচনা ও অনুমোদনের জন্য বৃহস্পতিবার ১২ নভেম্বর, ২০২০ তারিখে বিকেল ৪টেয় পরিচালকমণ্ডলীর একটি সভা অনুষ্ঠিত হবে।

বিস্তারিত বিবরণী পাওয়া যাবে কোম্পানির ওয়েবসাইট :www.steptwo.in এবং স্টক এক্সচেঞ্জের ওয়েবসাইট: :www.bseindia.com-এ।

বোর্ডের আদেশানুসারে
স্টেপ টু কর্পোরেশন লিমিটেড-এর পক্ষে
স্থান : কলকাতা স্বাঃ/-
তারিখ : ০৩.১১.২০২০ ভোলা নাথ মান্না
পূর্ণ সময়কালীন ডিরেক্টর
Din No:03345433

INDIA RESURGENCE ARC PRIVATE LIMITED IndiaRF

দখল বিজ্ঞপ্তি

রেজিস্টার্ড অফিস : চতুর্থ তল, পিরামল টাওয়ার, পেনিনসুলা কর্পোরেট পার্ক, গণপতরাও কদম মার্গ, লোয়ার প্যারেল, মুম্বাই ৪০০০১৩

দি সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট ২০০২-এর ধারা ১৩(২)-এর অধীনে বিজ্ঞপ্তি

আমরা উক্ত ইন্ডিয়া **রিসারজেন্স এআরসি প্রাইভেট লিমিটেডের** অনুমোদিত আধিকারিকের মাধ্যমে দি সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট ২০০২-এর ১৩(২) ধারাধীনে দাবি বিজ্ঞপ্তি ইস্যু করেছি। একইভাবে আপনি মূল সুদের কিস্তি পরিশোধে ব্যর্থ হয়েছেন। রেলিগেয়ার ফিনভেস্ট লিমিটেড থেকে আপনার গৃহীত ঋণ তৎসহ বকেয়া অর্থাঙ্কের বিস্তারিত যা অ্যাসাইনমেন্ট ডিড যার তারিখ ০৫.১১.২০১৯ অনুসারে আমাদের কাছে অর্পিত রয়েছে তা নিম্নরূপ

ক্রম নং.	দেনাদার/সহ-দেনাদারদের নাম এবং চিঠিপত্র পাঠানোর ঠিকানা	ঋণ খাত নং/১৩(২) বিজ্ঞপ্তির তারিখ/গৃহীত ঋণ অর্থাঙ্ক/ ঋণ চুক্তির তারিখ/এনপিএ-র তারিখ/১৩(২) ধারা অনুসারে বিজ্ঞপ্তিমতো দাবিকৃত অর্থাঙ্ক	বন্ধকীকৃত সম্পত্তি
১.	**ভৌমিক টায়ার মালিকানাধীন ফার্ম এর মালিক শিব নাথ ভৌমিক** দেবালয়, বিডিও অফিসের নিকট, দেগঙ্গা উত্তর ২৪ পরগণা আলিপুর পশ্চিমবঙ্গ-৭৪৩৪২৪	ঋণ খাত নং. **XMORKOL00071113** **১৩(২) বিজ্ঞপ্তির তারিখ ২৫.০৯.২০২০** **গৃহীত ঋণ অর্থাঙ্ক** ৩০,৫০,০০০/-টাকা (ত্রিশ লক্ষ পঞ্চাশ হাজার টাকা মাত্র) **ঋণের চুক্তির তারিখ :-২৯.০২.২০১৬** **এনপিএ তারিখ-৩১-জুলাই-১৭** **১৩(২) ধারা অনুসারে বিজ্ঞপ্তিমতো দাবিকৃত অর্থাঙ্ক** ৫১,৮৯,৬২৩.৫৬/-টাকা (একান্ন লক্ষ উননব্বই হাজার ছয় শত তেইশ টাকা ও ছাপ্পান্ন পয়সা মাত্র) ১৫.০৯.২০২০ তারিখ অনুযায়ী তৎসহ সুদ ও অন্যান্য চার্জসমূহ ১৫.০৯.২০২০ তারিখের পরে লোন খাত থেকে অর্জিত।	**তপসিল-২ (জামিন/বন্ধকীকৃত সম্পত্তির বিস্তারিত বিবরণী)** জমির সমস্ত অংশের পরিমাপ ২৭ শতক তৎসহ বিল্ডিং কাঠামো যার স্থিতি মৌজা-দেউলিয়া, এর সঙ্গে যুক্ত জে.এল.নং.৬৮, আর.এস.নং-১৬৮,আর.এস ও এল.আর.নং.১৮৪৪, খতিয়ান নং.২৮৪, এল.আর.খতিয়ান নং.২৪৬০, থানা দেগঙ্গা, তৌজি নং. সাবেক ২৪৬৯, হাল তৌজি নং.১১, জেলা উত্তর ২৪ পরগণা, বেড়াচাঁপা-২ গ্রাম পঞ্চায়েতের অধীনে, আলিপুর, পশ্চিমবঙ্গ।
২.	**সুদীপ্তা ভৌমিক স্বামী শিব নাথ ভৌমিক** দেবালয়, বিডিও অফিসের নিকট, দেগঙ্গা উত্তর ২৪ পরগণা আলিপুর পশ্চিমবঙ্গ-৭৪৩৪২৪ **এছাড়াও :-** গ্রাম দেবালয়, দাগ নং.১৮৪৪, বেড়াচাঁপা গ্রাম পঞ্চায়েত, থানা দেগঙ্গা, উত্তর ২৪ পরগণা আলিপুর, পশ্চিমবঙ্গ		
৩.	**শিব নাথ ভৌমিক পিতা সাধন চন্দ্র ভৌমিক** দেবালয়, বিডিও অফিসের নিকট, দেগঙ্গা উত্তর ২৪ পরগণা আলিপুর পশ্চিমবঙ্গ-৭৪৩৪২৪ **এছাড়াও :-** গ্রাম দেবালয়, দাগ নং.১৮৪৪, বেড়াচাঁপা গ্রাম পঞ্চায়েত, থানা দেগঙ্গা, উত্তর ২৪ পরগণা আলিপুর, পশ্চিমবঙ্গ		

আমাদের বিশ্বাস যে, আপনারা পুনরায় নানা কারণ দর্শিয়ে দাবি বিজ্ঞপ্তি প্রাপ্তির বিষয়টি এড়িয়ে যাবেন। তথাপি এই দাবি বিজ্ঞপ্তির মাধ্যমে উপরিউক্ত অর্থাঙ্ক পুনরায় যুক্ত হওয়া সুদ, ব্যয়, আকস্মিক খরচ, চার্জ ইত্যাদি সহ এই দাবি বিজ্ঞপ্তি প্রাপ্তির তারিখ থেকে ৬০ দিনের মধ্যে ইন্ডিয়া রিসারজেন্স এআরসি প্রাইভেট লিমিটেডকে পরিশোধের জন্য আপনাদের আহ্বান জানানো হচ্ছে। যা পরিশোধে ব্যর্থ হলে ইন্ডিয়া রিসারজেন্স এআরপি প্রাইভেট লিমিটেড উক্ত আইনের ১৩(৪) ধারার যে কোনও অথবা সবরকম সংস্থানের অধীনে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে বন্ধকীকৃত সম্পদের যে কোন একটি অথবা অনেকগুলি অথবা সব ক'টির বিরুদ্ধে পদক্ষেপ করবে একইসঙ্গে দেনাদার/গণের জামিনকৃত সম্পত্তির দখল নেওয়া সহ। পুনরায় আপনাদের উক্ত আইনের ১৩(১৩) ধারাধীনে উক্ত সুনিশ্চিত পরিসম্পদ বিক্রয়/লিজ অথবা অন্য যে কোনও উপায়ে হস্তান্তর করা থেকে বিরত থাকার জন্য জানানো হচ্ছে। অনুগ্রহ করে লক্ষ করবেন যে পুনরায় কোনও দাবি বিজ্ঞপ্তি ইস্যু করা হবে না।

স্থান : কলকাতা পশ্চিমবঙ্গ **স্বাঃ/-অনুমোদিত আধিকারিক**
তারিখ : ০৪.১১.২০২০ **ইন্ডিয়া রিসার্জেন্স এআরসি প্রাইভেট লিমিটেড-এর পক্ষে**

এলপি কমার্শিয়াল লিমিটেড

CIN:L70101WB1983PLC036042
২৩, ব্রাবোর্ন রোড, সপ্তম তল, কলকাতা-৭০০০০১
Telephone:91-33-2242 6885
Tele fax: 91-33-2407 1739
Email:elpeecommercial@dhanshreegroup.com,
Website:www.elpeecommercial.com

বিজ্ঞপ্তি

এতদ্বারা বিজ্ঞাপিত করা হচ্ছে যে, ক্ষেত্রীয় রেগুলেশন ২৯ (১) (ক) এবং ৪৭(১)(ক) অফ সেবি (ক্ষেত্রীয় দায় ও ব্যাখ্যামূলক বিবরণী) রেগুলেশন ২০১৫ অনুসারে ৩০ সেপ্টেম্বর, ২০২০ তারিখে সমাপ্ত ত্রৈমাসিকের ও অর্ধবর্ষের অনিরীক্ষিত আর্থিক ফলাফলের বিবরণী কোম্পানির বাণিজ্যিক অফিসে বুধবার ১১ নভেম্বর, ২০২০ তারিখে সকাল ১১.৩০ মিনিটে অনুষ্ঠিত হবে সেবির (ক্ষেত্রীয় দায় ও ব্যাখ্যামূলক বিবরণী) রেগুলেশন ২০১৫ অনুসারে।

উক্ত তথ্য পাওয়া যাবে কোম্পানির ওয়েবসাইট:www.elpeecommercial.com এবং স্টক এক্সচেঞ্জের ওয়েবসাইট: www.cse-india.com এ।

বোর্ডের আদেশানুসারে
এলপি কমার্শিয়াল লিমিটেড-এর পক্ষে
স্বাঃ/-
তারিখ : ০২.১১.২০২০ কমল কুমার সুরানা
স্থান : কলকাতা পূর্ণ সময়কালীন ডিরেক্টর
DIN:00313775

ফর্ম নং.আইএনসি-২৫এ

পাবলিক কোম্পানি থেকে প্রাইভেট কোম্পানিতে স্থানান্তরের বিষয়ে সংবাদপত্রে দেয় বিজ্ঞাপন

আঞ্চলিক অধিকর্তা
বাণিজ্য মন্ত্রক, ইস্টার্ন রিজিয়ন, কলকাতা,
পশ্চিমবঙ্গের পূর্বে

২০১৩ সালের কোম্পানি আইনের ১৪ ধারা অনুসারে, ২০১৩ এবং রুল ৪১ অফ দি কোম্পানিজ (সংযুক্তিকরণ) রুলস, ২০১৪

এবং

আরকেডিকে কর্পোরেশন মার্কেট লিমিটেড -এর বিষয়(**CIN:U67120WB1993PLC057801)** যার রেজিস্টার্ড অফিস ৩০৫ সেন্ট্রাল প্লাজা, ২/৬ শরৎ বোস রোড কলকাতা-৭০০০২০

.....বাদী

এতদ্বারা জনসাধারণের উদ্দেশে কোম্পানির তরফ থেকে বিজ্ঞাপিত করা হচ্ছে যে, ২০১৩ সালের কোম্পানি আইনের ১৪ ধারা অনুসারে কেন্দ্রীয় সরকারের নিকট প্রাইভেট লিমিটেড কোম্পানিতে স্থানান্তরের জন্য একটি আবেদন জানানো হয়েছে যার বিশেষ প্রস্তাব **বর্ধিত সাধারণ সভার বৈঠকে গৃহীত হয়েছে ৫ অক্টোবর, ২০২০ তারিখে।**

এই পরিবর্তন/প্রস্তাবের বিষয়ে যদি কোনও ব্যক্তির স্বার্থ বিঘ্নিত হয়, তাহলে সেই ব্যক্তি রেজিস্টার্ড পোস্টের মাধ্যমে তাঁর আপত্তির সমর্থনে সমস্ত বক্তব্য এফিডেবিট সহকারে **আঞ্চলিক অধিকর্তা (নিজাম প্যালেস,২ এমএসও বিল্ডিং, চতুর্থ তল,২৩৪/৪, এ.জে.সি. বোস রোড কলকাতা-৭০০০২০), ঠিকানায় এই বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ থেকে ১৪ দিনের মধ্যে** জানাতে হবে, উক্ত কপি আবেদনকারীকে কোম্পানির নিম্নোক্ত রেজিস্টার্ড অফিসেও পাঠাতে হবে :

রেজিস্টার্ড অফিসের ঠিকানা
৩০৫ সেন্ট্রাল প্লাজা,২/৬ শরৎ বোস রোড
কলকাতা-৭০০০২০ আবেদনকারীর পক্ষ থেকে
আরকেডিকে কর্পোরেশন লিমিটেড
স্বাঃ/-
দীপক চৌধুরী
তারিখ : ০৪.১১.২০২০ **ডিরেক্টর**
স্থান : কলকাতা **DIN:00044170**

ফর্ম নং.আইএনসি-২৫এ

পাবলিক কোম্পানি থেকে প্রাইভেট কোম্পানিতে স্থানান্তরের বিষয়ে সংবাদপত্রে দেয় বিজ্ঞাপন

আঞ্চলিক অধিকর্তা
বাণিজ্য মন্ত্রক, ইস্টার্ন রিজিয়ন, কলকাতা,
পশ্চিমবঙ্গের পূর্বে

২০১৩ সালের কোম্পানি আইনের ১৪ ধারা অনুসারে, ২০১৩ এবং রুল ৪১ অফ দি কোম্পানিজ (সংযুক্তিকরণ) রুলস, ২০১৪

এবং

আরকেডিকে ক্যাপিটাল মার্কেট লিমিটেড -এর বিষয়(**CIN:U67120WB1994PLC064277)**যার রেজিস্টার্ড অফিস ৩০৫ সেন্ট্রাল প্লাজা, ২/৬ শরৎ বোস রোড কলকাতা-৭০০০২০

.....বাদী

এতদ্বারা জনসাধারণের উদ্দেশে কোম্পানির তরফ থেকে বিজ্ঞাপিত করা হচ্ছে যে, ২০১৩ সালের কোম্পানি আইনের ১৪ ধারা অনুসারে কেন্দ্রীয় সরকারের নিকট প্রাইভেট লিমিটেড কোম্পানিতে স্থানান্তরের জন্য একটি আবেদন জানানো হয়েছে যার বিশেষ প্রস্তাব **বর্ধিত সাধারণ সভার বৈঠকে গৃহীত হয়েছে ৬ অক্টোবর, ২০২০ তারিখে।**

এই পরিবর্তন/প্রস্তাবের বিষয়ে যদি কোনও ব্যক্তির স্বার্থ বিঘ্নিত হয়, তাহলে সেই ব্যক্তি রেজিস্টার্ড পোস্টের মাধ্যমে তাঁর আপত্তির সমর্থনে সমস্ত বক্তব্য এফিডেবিট সহকারে **আঞ্চলিক অধিকর্তা (নিজাম প্যালেস,২ এমএসও বিল্ডিং, চতুর্থ তল,২৩৪/৪, এ.জে.সি. বোস রোড কলকাতা-৭০০০২০), ঠিকানায় এই বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ থেকে ১৪ দিনের মধ্যে** জানাতে হবে, উক্ত কপি আবেদনকারীকে কোম্পানির নিম্নোক্ত রেজিস্টার্ড অফিসেও পাঠাতে হবে :

রেজিস্টার্ড অফিসের ঠিকানা
৩০৫ সেন্ট্রাল প্লাজা,২/৬ শরৎ বোস রোড
কলকাতা-৭০০০২০ আবেদনকারীর পক্ষ থেকে
আরকেডিকে ক্যাপিটাল লিমিটেড
স্বাঃ/-
দীপক চৌধুরী
তারিখ : ০৪.১১.২০২০ **ডিরেক্টর**
স্থান : কলকাতা **DIN:00044170**

ফর্ম নং.আইএনসি-২৫এ

পাবলিক কোম্পানি থেকে প্রাইভেট কোম্পানিতে স্থানান্তরের বিষয়ে সংবাদপত্রে দেয় বিজ্ঞাপন

আঞ্চলিক অধিকর্তা
বাণিজ্য মন্ত্রক, ইস্টার্ন রিজিয়ন, কলকাতা,
পশ্চিমবঙ্গের পূর্বে

২০১৩ সালের কোম্পানি আইনের ১৪ ধারা অনুসারে, ২০১৩ এবং রুল ৪১ অফ দি কোম্পানিজ (সংযুক্তিকরণ) রুলস, ২০১৪

এবং

ওয়ার্ধম্যান এনক্লেভ লিমিটেড -এর বিষয়(**CIN:U70200WB1991PLC053755)**যার রেজিস্টার্ড অফিস ৩০৫ সেন্ট্রাল প্লাজা, ২/৬ শরৎ বোস রোড কলকাতা-৭০০০২০

.....বাদী

এতদ্বারা জনসাধারণের উদ্দেশে কোম্পানির তরফ থেকে বিজ্ঞাপিত করা হচ্ছে যে, ২০১৩ সালের কোম্পানি আইনের ১৪ ধারা অনুসারে কেন্দ্রীয় সরকারের নিকট প্রাইভেট লিমিটেড কোম্পানিতে স্থানান্তরের জন্য একটি আবেদন জানানো হয়েছে যার বিশেষ প্রস্তাব **বর্ধিত সাধারণ সভার বৈঠকে গৃহীত হয়েছে ৫ অক্টোবর, ২০২০ তারিখে।**

এই পরিবর্তন/প্রস্তাবের বিষয়ে যদি কোনও ব্যক্তির স্বার্থ বিঘ্নিত হয়, তাহলে সেই ব্যক্তি রেজিস্টার্ড পোস্টের মাধ্যমে তাঁর আপত্তির সমর্থনে সমস্ত বক্তব্য এফিডেবিট সহকারে **আঞ্চলিক অধিকর্তা (নিজাম প্যালেস,২ এমএসও বিল্ডিং, চতুর্থ তল,২৩৪/৪, এ.জে.সি. বোস রোড কলকাতা-৭০০০২০), ঠিকানায় এই বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ থেকে ১৪ দিনের মধ্যে** জানাতে হবে, উক্ত কপি আবেদনকারীকে কোম্পানির নিম্নোক্ত রেজিস্টার্ড অফিসেও পাঠাতে হবে :

রেজিস্টার্ড অফিসের ঠিকানা
৩০৫ সেন্ট্রাল প্লাজা,২/৬ শরৎ বোস রোড
কলকাতা-৭০০০২০ আবেদনকারীর পক্ষ থেকে
ওয়ার্ধম্যান এনক্লেভ লিমিটেড
স্বাঃ/-
দীপক চৌধুরী
তারিখ : ০৪.১১.২০২০ **ডিরেক্টর**
স্থান : কলকাতা **DIN:00044170**